

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
নড়িয়া, শরীয়তপুর।
www.dss.naria.shariatpur.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৮৬৬৫.০০০.০৮.১০৮.২৫.৩৫

তারিখ: ২৬/০১/২০২৬ খ্রি:

বিষয়: জনাব ইকবাল হোসেন রানা, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, নড়িয়া, শরীয়তপুর এর তথ্য প্রেরণের
নিমিত্ত কমিটি গঠনের প্রস্তাব।

সূত্র: ৪১.০১.৮৬০০.০০০.০০০.২৭.০০০১.২৫.২০৮, তারিখ: ২৩/১২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব ইকবাল হোসেন রানা, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, নড়িয়া, শরীয়তপুর এর অস্ট্রেলিয়া প্রবাসী ছোট বোনের সাথে দেখা করার জন্য অর্জিত ছুটি মঞ্জুরসহ বহিঃবাংলাদেশ অস্ট্রেলিয়া গমনাগমনের অনুমতি পাওয়ার জন্য একটি আবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি দাখিল করেন। তার আবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদির সঠিকতা যাচাই, হিসাব নিকাশ ও ফিল্ড রিপোর্ট, দায়িত্ব হস্তান্তর ও ছুটির প্রাপ্যতার বিষয়ে প্রতিবেদন প্রেরণের জন্য নিম্নস্বাক্ষরকারীকে নির্দেশনা প্রদান করা হয়।

২। অত্র কার্যালয়ে মাত্র ০১ জন ইউনিয়ন সমাজকর্মী(সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী ব্যতীত) থাকায় জনাব ইকবাল হোসেন রানার দায়িত্বাধীন ০৭ টি ইউনিয়নের সঠিক হিসাব নিকাশ, ফিল্ড রিপোর্ট ও দায়িত্ব হস্তান্তর খুবই দুরূহ ও কষ্টসাধ্য ব্যাপার।

৩। এমতাবস্থায়, জনাব ইকবাল হোসেন রানা, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, নড়িয়া, শরীয়তপুর এর সঠিক হিসাব নিকাশ নিরূপন, ফিল্ড রিপোর্ট ও দায়িত্ব হস্তান্তর নিমিত্ত অভিজ্ঞ কর্মচারীদের সমন্বয়ে একটি ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠনের জন্য মহোদয়ের নিকট অনুরোধ করা হলো।

সংযুক্তি:

১। মূল পত্র- ০১ (এক) পাতা।



২৬/০১/২০২৬

আরিফুজ্জামান

উপজেলা সমাজসেবা অফিসার

নড়িয়া, শরীয়তপুর।

ফোন: +৮৮০২৪৭৮৮১৬১২৬

ই-মেইলঃ usso.naria@dss.gov.bd

উপপরিচালক

জেলা সমাজসেবা কার্যালয়

শরীয়তপুর।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২। পরিচালক (যুগ্ম সচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা।

৩। অফিস নথি।